

প্রথম আলো মঙ্গলবার

২০ মে ২০২৫, ৬ জ্যৈষ্ঠ ১৪৩২, ২১ জিলকদ ১৪৪৬




## নর্থ সাউথ ইউনিভার্সিটি ফাউন্ডেশনের সাবেক চেয়ারম্যান এবিএম কামাল উদ্দিন খানের ১৮তম মৃত্যুবার্ষিকী আজ

২০২৫ সালের ২০ মে মরহুম এবিএম কামাল উদ্দিন খানের ১৮তম মৃত্যুবার্ষিকীতে নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ট্রাস্টি বোর্ডের (বিওটি) সম্মানিত সদস্যরা তাঁর জন্য প্রার্থনা করেন।

তিনি এনএসইউ ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরের চেয়ারম্যান এবং এনএসইউয়ের তৎকালীন পরিচালনা পর্ষদের সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন।

মরহুম এবিএম কামাল উদ্দিন খান নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ফাউন্ডেশনের সম্মানিত প্রতিষ্ঠাতা আজীবন সদস্য ছিলেন। পরে এটি নর্থ সাউথ ফাউন্ডেশনে পরিবর্তিত হয়, যা বর্তমানে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ট্রাস্ট হিসেবে পরিচালিত।

এবিএম কামাল উদ্দিন খান ছিলেন এনএসইউর ভিত্তি এবং বিকাশের অবিচ্ছেদ্য অংশ। শিক্ষাক্ষেত্রে অবদানের পাশাপাশি তিনি একজন সফল শিল্পপতি, বিশিষ্ট ব্যাংকার এবং বিশিষ্ট সমাজসেবী হিসেবেও পরিচিত ছিলেন।



মরহুম এবিএম কামাল উদ্দিন খান

এবিএম কামাল উদ্দিন খানের ১৮তম মৃত্যুবার্ষিকীতে পরিবারের সদস্যরা ও এনএসইউ'র বোর্ড অব ট্রাস্টিজ তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন।